

কেন্দ্রীয় মন্ত্রিসভা কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের অতিরিক্ত ২ শতাংশ হারে মহার্ঘ ভাতা /মহার্ঘ ত্রাণ দেওয়ার প্রস্তাব অনুমোদন করল

নয়াদিল্লি, ১৬ মার্চ, ২০১৭

কেন্দ্রীয় মন্ত্রিসভা কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের বেতনের অতিরিক্ত ২ শতাংশ হারে মহার্ঘ ভাতা এবং অবসরপ্রাপ্ত সরকারি কর্মীদের একই হারে মহার্ঘ ত্রাণ দেওয়ার প্রস্তাব অনুমোদন করল। এই অতিরিক্ত ভাতা চলতি বছরের প্রথম দিন অর্থাৎ ০১.০১.২০১৭ থেকেই মূল্যবৃদ্ধির মোকাবিলায়।

সপ্তম কেন্দ্রীয় বেতন কমিশনের সুপারিশ মতো স্বীকৃত সূত্র অনুসারে এই বৃদ্ধি হয়েছে। এর ফলে প্রতি বছর রাজকোষের ৫৮৫৭.২৮ কোটি টাকা ব্যয়বৃদ্ধি ঘটবে আর আগামী আর্থিক বছর এই ব্যয়বৃদ্ধির পরিমাণ দাঁড়াবে ৬৮৩৩.৫০ কোটি টাকা।

এই সিদ্ধান্তের ফলে ৪৮.৮৫ লক্ষ কেন্দ্রীয় সরকারি কর্মী এবং ৫৫.৫১ লক্ষ অবসরভোগী উপকৃত হবেন।